আলমডাঙ্গায় চার গ্রামের জনগণের মাদক বিরোধী সমাবেশ অনুষ্ঠিত

আলমডাঙ্গায় চার গ্রামের মানুষের মাদক বিরোধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলার ইসলামপুর, কামালপুর চরপাড়া ও চকবন্ডবিল গ্রামের সাধারণ মানুষ নিজেরাই এগিয়ে এসেছেন মাদক রোধে।

গতকাল শুক্রবার বিকেল ৫ টায় ইসলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হয় তিন গ্রামের উদ্যোগে এক বিশাল মাদকবিরোধী সমাবেশ। এতে অংশ নেন তিন গ্রামের শতাধিক নারী-পুরুষ ও তরুণ সমাজ। দীর্ঘদিন ধরে ওই এলাকায় মাদক বিক্রি ও সেবনের প্রবণতা বাড়তে থাকায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দেয়। অভিযোগ রয়েছে, কিছু যুবক মাদক ব্যবসার সঙ্গে যুক্ত হয়ে পড়েছে, যার ফলে এলাকার তরুণ প্রজন্ম ধীরে ধীরে মাদকের ভয়াবহ ছোবলে ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে।

এ পরিস্থিতিতে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইসলামপুর, কামালপুর চরপাড়া ও চকবন্ডবিল গ্রামের সচেতন নাগরিকেরা যৌথভাবে এ উদ্যোগ নেন।

সমাবেশের আয়োজন করেন, কুমারী গ্রামের মহি উদ্দিন, কামালপুর চরপাড়ার বাপ্পি, ইসলামপুর গ্রামের সেলিম হোসেন ও চকবন্ডবিল গ্রামের টগর। উক্ত সমাবেশে উপস্থিত ছিলেন, স্থানীয় সমাজকর্মী সাইদুল, ঝন্টু, সাজেদুর রহমান, শফি উদ্দিন, আলম হোসেন, তাইজাল, আলফাজ, জহুরুল, মঞ্জুসহ তিন গ্রামের অসংখ্য বাসিন্দা।

সমাবেশে বক্তারা বলেন, মাদক আজ আমাদের সমাজকে ধ্বংসের পথে ঠেলে দিচ্ছে। আমাদের সন্তানরা এর শিকার হচ্ছে। এখন সময় এসেছে সবাইকে একসাথে দাঁড়ানোর। যে মাদক ব্যবসায়ী আমাদের ভবিষ্যৎ নষ্ট করছে, তাকে চিহ্নিত করে প্রশাসনের হাতে তুলে দিতে হবে।

বক্তারা আরও বলেন, সমাজের প্রতিটি পরিবারকে সচেতন হতে হবে। তরুণদের খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও ধর্মীয় চর্চায় যুক্ত করে রাখতে পারলেই মাদক থেকে দূরে রাখা সম্ভব।

স্থানীয়রা আশা প্রকাশ করেন, প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগিতা পেলে এলাকাকে পুরোপুরি মাদকমুক্ত করা সম্ভব হবে।